

কালের কর্ত্তা

আপডেট : ২০ মার্চ, ২০১৮ ০২:১২

ইবতেদায়ি মাদরাসায় যোগ দিলেন সহস্রাধিক আলেম

 ইবতেদায়ি মাদরাসায় যোগ দিলেন সহস্রাধিক আলেম

ইসলামিক ফাউন্ডেশন পরিচালিত দারুল আরকাম ইবতেদায়ি মাদরাসায় এক হাজার ১০ জন আলিয়া নেসাবের আলেম সরকারি চাকরিতে যোগ দিয়েছেন। গতকাল সোমবার সকালে ইসলামিক ফাউন্ডেশনের কেন্দ্রীয় কার্যালয়ে তাঁরা আনুষ্ঠানিকভাবে যোগদান করেন।

মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প সূত্রে জানা গেছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগে এ বছর ইসলামিক ফাউন্ডেশনের অধীনে দেশে এক হাজার ১০টি দারুল আরকাম ইবতেদায়ি মাদরাসা প্রতিষ্ঠা করা হয়। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (ষষ্ঠ পর্যায়) প্রকল্পাধীন ওই সব মাদরাসায় নবনিযুক্তরা শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন। গতকাল বিকেলে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে তাঁদের জন্য ওরিয়েন্টেশন কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আহসান উল্লাহ, বঙ্গবন্ধু জাতুঘরের কিউরেটর নজরুল ইসলাম খান, ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল প্রমুখ বক্তব্য দেন। এতে সভাপতিত্ব করেন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) জুবায়ের আহমদ।

প্রসঙ্গত, এর আগে গত ৫ মার্চ এক হাজার ১০ জন কওমি আলেম এ প্রকল্পে শিক্ষক হিসেবে যোগদান করেন। এ নিয়ে মোট দুই হাজার ২০ জন শিক্ষক হিসেবে নিয়োগ পেলেন। এ ছাড়া সাধারণ শিক্ষা থেকে আরো এক হাজার ১০ জনকে শিগগিরই নিয়োগ দেওয়া হবে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএস : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৮৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৮৭। E-mail : info@kalerkantho.com